ছড়া/কবিতাগুচ্ছ ৩ প্রতীতি



মুশফিকুর রহমান (শান্তা)
সম্পাদক-নব কেতন, শেরপুর

নিপুঁন অভিনয়

জীবনের জরাজীর্ণ অতীত স্মৃতিকে
চাইলেই কি ভুলে থাকা যায় ?
যখনি কেউ আমায় ;
ভালবাসার বন্ধনে জড়িয়ে ধরে বুকে,
ইচ্ছায় বা অনিচ্ছায় শুনিয়ে যায় সান্ত্বনার বাণী ;
আমি মুহূর্তেই হারিয়ে যাই সুখ রাজ্যে,
ভুলে যাই ক্ষণিকের জন্য সকল ব্যথা-বেদনা।
হৃদয়ের সবটুকু ভালবাসা দিয়ে -
যাকে একান্ত আপন করেছিলাম ;
যার সাথে হৃদয়ের সম্পর্ক গড়েছিলাম
কি করে সে আমায় ভুল বুঝলে ?
আমি তো বলেছিলাম-
'বিশ্ব ধ্বংসে হলেও ধ্বংসে হবে না ভালবাসা'
বৃক্ষের মত দূর থেকেই তাকে ছায়া দিয়ে যাব,
চৈত্রের তপ্ত ক্ষণে মেঘ হয়ে ছায়া দেব ;
কিংবা জীবনের কোন এক সময়ে যদি পারি
সাথী হয়ে মাতিয়ে তুলব তোমার হৃদয়।
ফুল কিংবা চাঁদ হয়ে নিজেকে বিলিয়ে দেব ;
কিন্তু হায় ! অপূর্ণতায় রয়ে গেল সব আশা
এই তো জীবন এই তো নিয়ম।

কামরুজ্জামান বিশ্বাস দোলন
-নয়া মালমারা, ইসলামপুর

বর কণের সংশয়

কণের বুক ফাঁটে মুখ বন্ধ, নয়নে লজ্জা সু-গভীর
বর মিলন পিপাসায় কাতর, নির্জনতায় অস্থির।
আজি মিলনের মহা-উন্মাদে বরের দেহ ভাঙুর
বন্ধনে সু-হালাল ভক্ষণে আজি কে এত সবুর।
বিরহের ধূ-যাতনে জ্বলিয়া বর আজি অতি ভস্মিত;
সখীদের রংগীন দলে মজিয়া কণে খুশি অবিরত।
মিছে ভাবনায় অভিমানী কণে শুভ মিলন বিরত
তবু কণেকে ঘিরিয়া আজি সিক্ত বরের ভাবনা যত।
যেথায় না পাওয়ার বেদনায় গলে বরের হৃদয়
মিলনের নাগালে সেথায় বুঝি অবলা কণের জয়।
বর চায় দেহ-আলিঙ্গন কণে নাহি চায় এক শয্যা
সংশয়ের মহা ন্যায়ে তবু ভাঙ্গে বর দম্ভের কজা।
মনো বিরহ বিষে দিবসে ছুটাছুটি রাত্রি জাগে বর
শুভক্ষণে শুধু দংশিতে চায় মন কণের উদর।
ধরাতলে না পাওয়ার ব্যথা গুলো বড়ই সুরাসুর
পেয়ে হারানোর ব্যথা এ সংসারে সর্বদা চুরাচুর।
আশার ছলনে ছলনে চাহিয়া পূর্বেতে উঠিল রবি
মনো আয়নায় বর নিরবে তবু আঁকে কণের ছবি।
কণে খেলে কেবল লোকচুরি আর বর চড়ুইভাতি
রাত্রি জেগে লেখে কবি তাদের যত বিরহ-শোকগীতি।

হৃদয় আহমেদ সুজন
দরিয়াবাদ, ইসলামপুর

২১শে ফেব্রুয়ারি

আবার আসিয়াছে ফিরে একুশে ফেব্রুয়ারি
ভোর বেলায় ওঠে মোরা ফুল যোগার করি
সারি সারি দাঁড়িয়ে মোরা একুশের গান গাই
ফুলের তোরা গাথি আর শহীদ মিনারে যাই।
ছালাম, বরকত, রফিক জব্বার আরও অনেকে
মৃত্যুবরণ করেছে তারা মাতৃভাষার জন্যে।

এস.এম আরিফুর রহমান
স্বত্ত্বাধিকারী
ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক সার্ভিস

ভদ্রতা

ভদ্র যদি হতে চাও
বাধবে ঘড়ি হাতে
ঘন্টা মিনিট নাই চিনলে
দোষ কিছু নাই তাতে।
তেল না থাকুক মাথায় তোমার
রাখতে হবে বাবরি চুল
চোখের প'রে চশমা দিতে
করবে নাকো একটু ভুল।
লেখাপড়া নাই জানলে
বাম পকেটে রাখবে পেন
ভিক্ষো পোশাক ঠিক পড়বে
লোক দেখানো স্বর্ণ চেইন।
শার্ট প্যান্টে সদায় যেন
স্পষ্ট থাকে ধোপার দাগ
নাইলে মডার্ন বন্ধুরা সব
করতে পারে একটু রাগ।
পারফিউমে গা ভিজিয়ে
ঢাকবে ঘামের আদ্রতা
নইলে বন্ধু টিকবে না তোর
হাল জামানার ভদ্রতা।

মোঃ আব্দুল লতিফ
ইসলামপুর, জামালপুর
(মরহুম গোলাম হাফিজ বকুল স্মরণে)

জীবন তরী

শত আঘাতে জর্জড়িত এ হৃদয় ;
তাই সুখ এখানে ডানা মেলে বসতে পারে না,
যাকেই এ জীবন প্রাণ দিয়ে ভালবেসেছি
লুকিয়ে রেখেছি হৃদয়ের একান্ত গভীরে,
আঁকড়ে ধরেও কাউকে পারিনি ধরে রাখতে।
সবাই চলে গেছে এক এক করে,
শুধু বাকী আছ তুমি ;
তোমাকেও তৃণলতার মত আঁকড়ে ধরেছি,
জানি তোমাকেও রাখতে পারব না।
আমার অশান্ত আঘাত সইতে না পেরে
একদিন তুমিও চলে যাবে আমায় একা করে।
তোমাকে পেয়ে অকূল সাগরে তরী ভেবেছিলাম
বুকে চেপে ধরেছিলাম প্রেয়সীর মত
কিন্তু না! তোমাকেও রাখতে পারলাম না ধরে,
আজও আমি জীবন তরীর বৈঠাহীন নাবিক,
ঠিকানাহীন পত্রের মত ঘুরে ঘুরে বেড়াচ্ছি
আজও পাইনি আমার জীবনের গন্তব্য স্থল।

তারিকুল ইসলাম হযরত
দরিয়াবাদ-ইসলামপুর

বিজয় আমার

মাগো তুমি ছেড়ে দাও মোরে
যাবনা কো দূর বহুদূরে
শুধু লেখবো কে আমায় করতে চায় পরাজয়
বাধা দিওনা গো মা
এ পথে আমার মরণ যদিও হয়।
তবুও মাথা নত করবো না আমি
যেতে দাও মোরে
ধ্বংস করে আমি পাপীদের দল
ভয় পাইনাকো আমি
হৃদয়ে আছে মোর অসীম বল।
কেন পিছু ডাক মোরে ফিরব না আমি
জয় করবো গৌরব, হবো সফলকামী
মাগো আজি যেতে দাও মোরে
আমার তুরঙ্গ যেতে চায় তেড়ে।
নিশান নিয়ে ফিরবো আমি
থেকো পথ পানে চেয়ে
তাদের অশ্বের পদতলে টিষ্ট করে
চলে আসব ধেয়ে
কেঁদো না মা দাও বিদায় মোরে।

কাজী জহিরুল ইসলাম
ন্যাশনাল ফোন, ইসলামপুর

২১'র প্রত্যাশা

খোলা চরণে সারি বেধে মোরা
শহীদ মিনার পানে,
ছুটি লাখো-কোটি বাংলাভাষী
শ্রদ্ধা নিবেদনে।
যে ভাষাতে প্রাণের আকুতি
মোরা শুধাই অবিরত ;
এ স্বাধীকার অর্জিতে মোদের,
রক্ত ঝরেছে কত।
শোষকের দল হানে কষাঘাত ;
বাংলা মায়ের বুকে-
উর্দু করে রাষ্ট্র ভাষা,
বাংলার বুকে ঢুকে।
এ যে অপমান, অসহনীয়
এ জুলুম অবিচার,
বাংলাই হবে রাষ্ট্রভাষা
এ ন্যায্য অধিকার।
প্রতিবাদে শত বাংলা ভাষী
নেমেছিল রাজপথে,
পিচঢালা পথ রঞ্জিত হল
ঘাতকের কষাঘাতে,
ঙটি কত ফুল ঝরল সেদিন
জন্মিল নতুন কুঁড়ি,
কোটি কুঁড়ি আজ ফুল হয়ে ফুটি
দিয়েছে বাগান ভরি।
বছর ঘুরে আজও সেই দিন
এসেছে আবার ফিরে,
শপথ যেন হয়গো মোদের ;
তাদের স্বপ্ন ঘিরে।

মোঃ আব্দুর রহিম
অডিটর, হিসাব রক্ষণ অফিস
ইসলামপুর

বিধির কি বিধান

চাঁদ আর তারা হাসে
হাসে একই আকাশে
ভাল মন্দ ঘ্রাণ ভাসে
ভাসে একই বাতাসে।
ফুল থেকে ফল হয়
হয় একই ডালেতে
শীত, গ্রীষ্ম, বর্ষা আসে
আসে একই সালেতে।
ভাল মন্দ দু'লিখাই
হয় একই কাগজে
সু আর কু-চিন্তা
দুই'ই একই মগজে।
হাঙ্গর, কুমির, মাছ থাকে
থাকে একই জলেতে
বাঘ, ভালুক, মানুষের বাস
বাস একই স্থলেতে।

শবনম-ই-মং
সভাপতি-উপজাতি কল্যাণ সমিতি

প্যারোডি ঃ আদর্শের যাত্রী

আজি হতে আমি আদর্শের যাত্রী
সৎপথে চলব, অসৎকে তুলব
বলেছে মাতৃ
আজি হতে আমি আদর্শের যাত্রী।
ছোটদের করব স্নেহ দান,
বড়দের করব সম্মান,
গুরুজনে কবির ভক্তি
আজি হতে আমি আদর্শের যাত্রী।
অসহায়দের সম্বল,
বিপদের আশ্রয়স্থল,
রমনীয় হবো আমি মূর্তি
আজি হতে আমি আদর্শের যাত্রী।
প্রতিবেশীর করব ভাল,
অধমকে দেব জ্ঞান,
শত্রুর সাথে করি দোস্তী
আজি হতে আমি আদর্শের যাত্রী।
আল-হককে করব ভয়,
সত্যকে করব জয়,
স্বর্গবাসী হতো এ মোর আর্তি
আজি হতে আমি আদর্শের যাত্রী।

এম. শাহআলম
সম্পাদক-প্রভাত, ইসলামপুর

মৃদু প্রতিবাদ

আমার ভিতর হতে হঠাৎ করে
বেরিয়ে আসে দ্রোহীতার ছাপ
যারা আমাকে ভাসাতে চায়,
পথে পথে অযাচিতের মত।
অর্ধরাত্রি নির্ঘুম থাকি ; আর ভাবি,
মানুষ কের আজ হয়ে যায়
হিংস্র হায়েনার দল।
বিলুপ্ত পূর্ব পুরুষদের খুঁজি
মৌজার দলিলে দলিলে
কিংবা ফেলে যাওয়া পদাঙ্কের ছাপে ;
সেখানেও এত ভয়ংকর
অস্ত্র খুঁজে পেলাম না,
যা পেয়েছি আজ,
তরুণের কোমল হাতে গ্রেনেডের স্পর্শ।
আমি নিরন্তন ভেবে দেখি,
প্রেম আজ জীবিত নয় ;
মানুষ কিংবা কোন বস্তুতে।
নিত্য ভেসে ওঠে রক্তের স্রোত
প্রতিটি চ্যানেলে বা পত্রিকায়।
অদেশা ভূবণ থেকে করতালী আসে বারবার
জ্বলছে জলুক জলতে দাও পৃথিবী
কিন্তু এরা কারা ?
কি দোষে মারছে মানুষ প্রতিনিয়ত ?
আজকে শুধু জীবন দিয়েই শুধরে দিব
পূর্ব পুরুষদের ঋণ।

আশিকুর রহমান আশিক
সাংবাদিক, ইসলামপুর

তুমি এসেছিলে

ঘুমন্ত জাতির নিরবতাকে ভঙ্গ করে
প্রজাপতি সম হাওয়াতে ভর করে
প্রচন্ড আনন্দের দিনে তোমার আমার দেখা
তুমি এসেছিলে মোর ঘরে নিঝুম রাতে।
এসেছিলে তুমি নিঃশব্দে মোর ঘরে
চন্দ্রমুখী আঁধারের বুক চিরে-
খড়তাপ পরে বৃষ্টির ঝুমঝুমি ;
মহামূল্যবান তোমার সুখের হাসি।
বুকেতে জাগিয়ে উষ্ণ ভালবাসা
এসেছিলে তুমি ভ্রমর সেজে
আমার হৃদয়ের শূন্য ঘরে ;
নিশিতে ফোটাতে ফুল আমার বাগানে।

স্বাগত প্রতীতি

আজ শ্রদ্ধাভরে স্মরণ করছি সেইসব বীর ভাষা সৈনিকদের যাদের আত্মত্যাগের বিনিময়ে আমরা অর্জন করেছি রাষ্ট্রভাষা বাংলা। ৫২'র ২১ ফেব্রুয়ারি বাঙালি জাতির এক রক্তঝরা ইতিহাস। এ দিনে মায়ের ভাষা বাংলা প্রতিষ্ঠাকারী শহীদ ভাষা সৈনিকদের আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করছি। সেই সাথে ধূমকেতু সাহিত্য পরিষদের প্রকাশিত প্রতীতি'র দীর্ঘায়ু কামনা করছি।

আজিজুর রহমান চৌধুরী
সাধারণ সম্পাদক-ইসলামপুর প্রেসক্লাব
ও আহ্বায়ক
বাংলাদেশ মানবাধিকার কাউন্সিল
ইসলামপুর উপজেলা শাখা।

অভিনন্দন

ভাষা শহীদদের আত্মার মাগফেরাত কামনা করছি। দেশ তথা জাতির উন্নয়নে সবাই একসাথে কাজ করি এই হোক আমাদের এবারের অঙ্গীকার। 'প্রতীতি'র আগমন চির অম্-ান হোক।

মোহাম্মদ আলী
সভাপতি-২নং ওয়ার্ড আওয়ামীলীগ
দুরমুঠ, মেলান্দহ।

চিটাগাং ফরেন ফার্নিচার্স মার্ট

খাট, টেবিল, ড্রেসিং টেবিল, আলমিরা, ওয়ারড্রব, সোফা সহ অত্যাধুনিক রুচি সম্মত ফার্নিচারের জন্য আজই যোগাযোগ করুন।

প্রোঃ মোঃ সালমান শাহ
রহমান মার্কেট, স্টেশন রোড
ইসলামপুর, জামালপুর।